গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-৩০৬

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

**বিষয়: সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত ০৬ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে সচিব, স্থানীয় সরকার বিভাগ-এর সভাপতিত্বে গত ০৬ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ১, ২, ৩ ও ৫ নিম্নরূপ:

| | |
|---|---|
| ১ | সিটি কর্পোরেশন ও পৌরসভা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে গঠিত কমিটি'র সভা নিয়মিত আহ্বান করতে হবে। |
| ২ | ডেঙ্গু প্রতিরোধে সিটি কর্পোরেশন ও পৌর এলাকায় লিফলেট বিতরণ ও সচেতনতা মূলক প্রচার-প্রচারনা অব্যাহত রাখতে হবে। প্রতি সপ্তাহে র‍্যালি করে জনসাধারনকে সচেতন করতে হবে। |
| ৩ | নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা করা এবং মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। |
| ৫ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে ব্যবহৃত ঔষধ পরীক্ষা করতে হবে। ডেঙ্গু নিধনে যে ঔষধ ব্যবহার করা হয় তা যেন সঠিকভাবে প্রয়োগ করা হয় সে বিষয়ে মশক কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। |

২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী ০৩ (তিন) পৃষ্ঠা

13.11.2025

জিয়াউর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ইমেইল: urbandev2@lgd.gov.bd

**বিতরণ:**

১. প্রধান নির্বাহী কর্মকর্তা-----------------------------------------সিটি কর্পোরেশন (সকল);
২. প্রশাসক-------------------------------- পৌরসভা (সকল)।

স্মারক নং ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-৩০৬/১(৫)

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

**অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
৪. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
৫. অফিস কপি।

13.11.2025

জিয়াউর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**বিষয়: সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: রেজাউল মাকছুদ জাহেদী<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৬ নভেম্বর ২০২৫; বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার মাধ্যম | : | Zoom App |

সভাপতি Zoom App এর মাধ্যমে সংযুক্ত সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহের প্রশাসকসহ অন্যান্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন সম্প্রতি ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় এটি প্রতিরোধের লক্ষ্যে কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জরুরি ভিত্তিতে সভাটি আহ্বান করা হয়েছে। অত:পর তিনি স্থানীয় সরকার বিভাগের উপসচিব (নগর উন্নয়ন-২ শাখা)-কে সভার আলোচ্য বিষয় ও গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। উপসচিব, নগর উন্নয়ন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি জানান ডেঙ্গু প্রতিরোধে সিটি কর্পোরেশন ও পৌর এলাকার কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে। মশক নিধনে প্রতিদিন যে লার্ভিসাইট ও এডাল্টিসাইট প্রয়োগ করা হয় এবং মশার ঔষধ স্প্রে করা হয় তার কার্যকারিতা পরীক্ষা করার জন্যে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মশককর্মীদের প্রশিক্ষণের আয়োজন করার জন্য সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ডেঙ্গু প্রতিরোধে গৃহীত কার্যক্রমের তথ্য সংগ্রহ করার জন্য একটি Google Form প্রস্তুত করা হয়েছে। উক্ত Google Form এর মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ হতে প্রতিদিন তথ্য প্রদান করা হয়। এরপর সভাপতির অনুমতিক্রমে ডেঙ্গু রোগ প্রতিরোধে করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য স্বশরীরে অংগ্রহণকারী ও ভার্চুয়ালি (Zoom App) সংযুক্ত সকলকে অনুরোধ জানানো হয়।

৩। প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার, বরিশাল বলেন, বরিশাল সিটি কর্পোরেশনে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা কম। বৃষ্টির পানি ধরে রাখায় বরগুনা জেলায় ডেঙ্গু রোগী আক্রান্তের সংখ্যা বেড়ে গিয়েছিল। জেলা প্রশাসক, বরগুনা এর সাথে সমন্বয় করে জরুরি ভিত্তিতে মশারি বিতরণ করা হয়েছে। মসজিদেরে ইমাম সাহেবের মাধ্যমে মুসুল্লিদের সচেতন করার কার্যক্রম চলমান আছে। এছাড়াও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান ও মোবাইল কোর্ট চলমান আছে। এখন মশার উপদ্রব কম। তিনি আরও জানান মশা নিধনে যে ঔষধ ব্যবহার করা হয় এটা প্রতি ৬ মাস পর পর চেইঞ্জ করা প্রয়োজন।

৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে যে ঔষধ ব্যবহার করা হচ্ছে তা টেকনিক্যাল কমিটি পরীক্ষা করছে। ঔষধটি 3rd পার্টির মাধ্যমে পরীক্ষা করা হয়। তবে যে ঔষধ ব্যবহার করা হয় তা যদি মশার শরীরে না পড়ে তাহলে মশা মরবে না। তিনি জানান আমরা প্রতিদিন যে Assesment করছি তা হচ্ছে হাসাপাতালের রিপোর্ট অনুযায়ী। ঢাকা শহরের হাসপাতালগুলোতে প্রতিদিন যে ডেঙ্গু রোগী ভর্তি হচ্ছে তার ২৮% ঢাকার এবং ৭২% ঢাকার বাইরের বিভিন্ন জেলা থেকে আসে। এছাড়া ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং প্রয়োগসহ নিয়মিত মনিটরিং এবং সচেতনতা মূলক কার্যক্রম চলমান আছে।

৫। প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার, সিলেট বলেন, সিলেট সিটি কর্পোরেশনে ডেঙ্গু পরিস্থিতি ভালো। পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। নিয়মিত মাইকিং করা হচ্ছে। মসজিদে প্রচারনা করা হয়। ৩০ হাজার সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে। লার্ভিসাইডিং ও এডাল্টিসাইডিং করা হচ্ছে। এছাড়া মোবাইল কোর্ট পরিচালনা চলমান রয়েছে।

৬। প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বলেন, ডেঙ্গু প্রতিরোধে বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে। ইতিমধ্যে ৫ হাজার মশারি বিতরণ করা হয়েছে। জোন ভিত্তিক ভাগ করে সচেতনতা মূলক কার্যক্রম চলমান আছে। নির্মাণ সাইডে বেশি গুরুত্ব দেয়া হচ্ছে। বাসায় বাসায় মশক কর্মীরা যাচ্ছে কোথাও যেনো পানি জমে না থাকে সেদিকে বিশেষ নজর দেয়া হচ্ছে। শুক্রবার মসজিদে ডেঙ্গু সচেতনতামূলক বক্তব্য দেয়া হয়।

৭। প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার, রাজশাহী বলেন, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু পরিস্থিতি ভালো। তবে সিরাজগঞ্জে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেশি। ড্রেন নিয়মিত পরিষ্কার করা হয়। মসজিদে ডেঙ্গু সচেতনতামূলক আলোচনা করা হয়। এছাড়া ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম চলমান রয়েছে।

৮। প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার, খুলনা বলেন, খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা কম। তবে সিটি কর্পোরেশন এলাকার বাইরে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেশি। সিটি কর্পোরেশন এলাকায় নিয়মিত লার্ভিসাইড ও এডাল্টিসাইড প্রয়োগ করা হয়। ডেঙ্গু সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে।

৯। জনাব জাহাদ ঠাকুর, চেয়ারম্যান, প্রিমুডিয়াল গ্রুপ, গুলশান -২, ঢাকা সভায় উপস্থিত হয়ে সভাকে জানান যে, মশার লার্ভা নিধনে আমেরিকায় তৈরি Vectobac একটি কার্যকরী প্রডাক্ট। এটি প্রয়োগ করলে শুধু মাত্র মশার লার্ভা মারা যায়। অন্য কোন জলজ প্রাণি, কিট পতঙ্গ এবং মানব দেহের কোন ক্ষতি করে না।

১০। যুগ্মসচিব, স্বাস্থ্য মন্ত্রণালয় বলেন, হাসপাতালসমূহে ডেঙ্গু রোগের পর্যাপ্ত ঔষধ মজুদ রয়েছে। বিনামূল্যে ডেঙ্গু রোগের ঔষধ বিতরণ করা হয়। হাসপাতালে জনবলের সংকট রয়েছে। হাসপাতালগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহের সহযোগিতা প্রয়োজন।

১১। সভাপতি, সভাকে বলেন যে, সিটি কর্পোরেশন ও পৌরসভা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে যতগুলো কমিটি রয়েছে নিয়মিত উক্ত কমিটির সভা আহ্বান করতে হবে। সচেতনতা মূলক প্রচার-প্রচারনা করতে হবে। এখন ডেঙ্গুর প্রকোপ বেশি নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। মশক নিধনে যে ঔষধ ব্যবহার করা হয় তা বিক্ষিপ্তভাবে প্রয়োগ করা হয়। ঔষধগুলো সঠিকভাবে প্রয়োগ করতে হবে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন প্রতিদিন কমপক্ষে ১০ টি মোবাইল কোর্ট পরিচালনা করবে। ডেঙ্গু নিধনে ব্যবহৃত ঔষধ মাঝে মাঝে পরীক্ষা করতে হবে। প্রতি সপ্তাহে র‍্যালি করে জনসাধারনকে সচেতন করতে হবে। প্রিমুডিয়াল গ্রুপ কর্তৃক আমদানিকৃত (Vectobac) ঔষধটি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত বিশেষজ্ঞ কমিটি কর্তৃক পরীক্ষা করা যায় এবং বিশেষজ্ঞ কমিটির একটি সভা আহ্বান করা প্রয়োজন।

১২। সার্বিক আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | সিটি কর্পোরেশন ও পৌরসভা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে গঠিত কমিটি'র সভা নিয়মিত আহ্বান করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ২ | ডেঙ্গু প্রতিরোধে সিটি কর্পোরেশন ও পৌর এলাকায় লিফলেট বিতরণ ও সচেতনতা মূলক প্রচার-প্রচারনা অব্যাহত রাখতে হবে। প্রতি সপ্তাহে র‍্যালি করে জনসাধারনকে সচেতন করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ৩ | নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা করা এবং মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ৪ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন প্রতিদিন কমপক্ষে ১০ টি মোবাইল কোর্ট পরিচালনা করবে। | ১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৫ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে ব্যবহৃত ঔষধ পরীক্ষা করতে হবে। ডেঙ্গু নিধনে যে ঔষধ ব্যবহার করা হয় তা যেন সঠিকভাবে প্রয়োগ করা হয় সে বিষয়ে মশক কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। পৌরসভা (সকল) |
| ৬ | প্রিমুডিয়াল গ্রুপ কর্তৃক আমদানিকৃত (Vectobac) ঔষধটি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত বিশেষজ্ঞ কমিটি কর্তৃক পরীক্ষা করা যায় এবং বিশেষজ্ঞ কমিটির একটি সভা জরুরি ভিত্তিতে আহ্বান করতে হবে। | ১। স্থানীয় সরকার বিভাগ |

১৩। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
তারিখ: ১১/১১/২০২৫ খ্রি.
মো: রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নম্বর: ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-৩০৪/১(১১) তারিখ: ২৭ কার্তিক ১৪৩২ / ১২ নভেম্বর ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম;
২. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৩. প্রশাসক, -----------------------------সিটি কর্পোরেশন (সকল);
৪. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৫. প্রকল্প পরিচালক, "ইম্প্রুভমেন্ট অব আরবান পাবলিক হেলথ প্রিভেন্টিভ সার্ভিসেস প্রজেক্ট" ডিপিএইচই ভবন, কাকরাইল, ঢাকা;
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, -----------------------------সিটি কর্পোরেশন (সকল);
৭. যুগ্মসচিব (সিটি কর্পোরেশন-১/ পৌর-১ শাখা),স্থানীয় সরকার বিভাগ;
৮. উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
৯. প্রশাসক, -----------------------------পৌরসভা (সকল)।
১০. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১. অফিস কপি।

12.11.2025

জিয়াউর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandev2@lgd.gov.bd